ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৭১
অমরপুর, ১১ এপ্রিল, ২০২৫

**অমরপুর ব্লকের বিভিন্ন এলাকায় ট্যাঙ্কারের মাধ্যমে পানীয়জল সরবরাহ**

অমরপুর মহকুমা পানীয় জল ও স্বাস্থ্যবিধান কার্যালয়ের উদ্যোগে শুখা মরসুমে অমরপুর ব্লকের মালবাসা ভিলেজের সোম্বাজয় পাড়া, কালামাটি, শতানরায় পাড়া, হাতিরাই পাড়া ও ব্রু স্যাটেলমেন্ট ক্যাম্পে ট্যাঙ্কারের মাধ্যমে গ্রামবাসীদের মধ্যে পানীয় জল সরবরাহ করা হচ্ছে। এছাড়া ঐ পাড়াগুলিতে স্থায়ীভাবে পানীয় জলের সমস্যা সমাধানের জল জীবন মিশনে মৈলাক ছড়া উৎস থেকে ইনোভেটিভ ওয়াটার সোর্স নির্মাণের কাজ চলছে। এ প্রকল্পে ব্যয় হবে সাড়ে চার কোটি টাকা। এছাড়া পূর্ব সরবং ভিলেজের থইয়্যা রাই পাড়া ও নিউ থানপিরাই পাড়াতেও ট্যাঙ্কারের মাধ্যমে গ্রামবাসীদের মধ্যে পানীয় জল সরবরাহ করা হচ্ছে। এই দুই পাড়ার পানীয় জলের সমস্যা স্থায়ীভাবে সমাধানের জন্য পূর্বসরবং ভিলেজের পূর্ণজয় পাড়াতে ১টি ডিপটিউবওয়েল খননের কাজ চলছে। ব্যয় হবে ৩০ লক্ষ টাকা। অমরপুর পানীয়জল ও স্বাস্থ্য বিধান কার্যালয়ের সহকারি বাস্তুকার সুভাষ চাকমা এই সংবাদ জানিয়েছেন।

*****